

দৈনিক
ইত্তেফাক

প্রতিটি দিন মোসের ইতিহাস

শিক্ষার্থীদের নম্বরপত্র হারিয়ে ফেলেছেন শিক্ষক!

বঙ্গবন্ধু শেখ মুজিব প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রকাশ : ২৪ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বশেমুরবিপ্রবি (গোপালগঞ্জ)

সংবাদদাতা

গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) বাংলা বিভাগের প্রভাষক জয়নাব বিনতে হোসেনের বিরুদ্ধে বিভাগের শিক্ষার্থীদের নম্বরপত্র হারিয়ে ফেলার অভিযোগ উঠেছে। এতে বিভাগের ফলাফল নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন শিক্ষার্থীরা। তার বিরুদ্ধে অফিস আদেশ উপেক্ষা করে অমগে ব্যস্ত থাকারও অভিযোগ উঠেছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. নূরউদ্দিন আহমেদ বলেন, শিক্ষক জয়নাব বিনতে হোসেন চিকিৎসার জন্য ভারতে যাওয়ার বিষয়ে ছুটি নিয়েছিলেন। অফিস আদেশে বলা হয়েছিল, চিকিৎসা শেষে পুনরায় কর্মসূলে যোগ দেবেন। কিন্তু নির্ধারিত ছুটি শেষ হলেও তিনি কর্মসূলে যোগদান না করায় সাবেক ভিসির পরামর্শক্রমে ঐ শিক্ষককে অবৈতনিক ‘অসাধারণ ছুটিতে’ পাঠানো হয়।

এদিকে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ২য় বর্ষ ২য় সেমিস্টারের মৌখিক পরীক্ষার নম্বরপত্র হারিয়ে ফেলার অভিযোগ উঠেছে শিক্ষকের বিরুদ্ধে। ঐ বর্ষের শিক্ষার্থীরা বলেন, আমরা পরীক্ষা যথাযথ সময়ে দিয়েছি। এতদিন পরে এসে জানতে পারলাম ঐ শিক্ষক নম্বরপত্র হারিয়ে ফেলেছেন। এখন আমরা ফলাফল নিয়ে ভীষণ দুশ্চিন্তায় রয়েছি।

নম্বরপত্র হারিয়ে ফেলার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এস এম গোলাম হায়দার বলেন, বিষয়টি একজন শিক্ষকের কাছ থেকে মোটেও কাম্য নয়। আমরা বিষয়টি নিয়ে একাডেমিক কাউন্সিলের মিটিং করে সিদ্ধান্ত নেব।

এদিকে চিকিৎসার কথা বলে অমগের বিষয়টি অস্বীকার করে ঐ শিক্ষক বলেন, আমি পাহাড়-পর্বতসহ বিভিন্ন স্থানে অবৈতনিক ছুটি নিয়ে ঘূরেছি। এছাড়া গবেষণার জন্য আমাকে শিক্ষা ছুটি না দেওয়ায় বাধ্য হয়ে অবৈতনিক ছুটি নিয়েছি। তবে গবেষণার বিষয়ে প্রশ্ন করা হলে তিনি কোনো সদৃশ্ব দিতে পারেননি। অপরদিকে নম্বরপত্র হারিয়ে ফেলার বিষয়ে তিনি বলেন, বিভাগের সাবেক সভাপতি সব কিছুর দায়িত্বে ছিলেন। তিনিই এ বিষয়ে জানেন। আমি কিছু বলতে পারব না।

বিভাগের সাবেক সভাপতি মোহাম্মদ আশিকুজ্জামান ভূইয়া বলেন, আমি ব্যস্ত থাকায় শিক্ষক জয়নাব বিনতে হোসেনকে মৌখিক পরীক্ষার দায়িত্ব দিয়েছিলাম কিন্তু তিনি পরীক্ষা শেষে আমার কাছে বা পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে নম্বরপত্র দেননি। পরবর্তীতে তিনি মৌখিকভাবে জানান, নম্বরপত্র হারিয়ে গেছে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।